প্রকৃতি কন্যা সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণী**

সভাপতি: এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট
সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
সভার তারিখ: ০৩ জুন ২০২১
সভার সময়: সকাল ১০.৩০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ:

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট
২. মিজ্ খোশনূর রুবাইয়াৎ, সহকারী কমিশনার, সিলেট
৩. মিজ্ শাম্‌মা লাবিবা অর্নব, সহকারী কমিশনার, সিলেট
৪. জনাব নীহার রঞ্জন শর্মা, প্রশাসনিক কর্মকর্তা, সিলেট

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সকলের অবগতির জন্য আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এবং জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ হতে বিস্তারিত নির্দেশনাসমূহ পাঠ করে শোনানো হয়। পরবর্তীতে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদানের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ এর ৩.৮ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী এ কার্যালয়ের গ্রেড ৪ হতে ১০ গ্রেড ভুক্ত একজন কর্মচারী ও গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত একজন কর্মচারী মনোনয়নের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। জেলা প্রশাসকের কার্যালয় হতে সংশ্লিষ্ট গ্রেড মোতাবেক দুইজন কর্মচারী নির্বাচনের পরে নীতিমালার ৩.৯ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী এ জেলার উপজেলা নির্বাহী অফিসারের মধ্য হতে একজন উপজেলা নির্বাহী অফিসারকে শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদান বিষয়ক আলোচনা হয়। | জেলা প্রশাসকের কার্যালয়ের গ্রেড-৪ হতে গ্রেড ১০ ভুক্ত কর্মচারীর মধ্য হতে মিজ্ শাম্‌মা লাবিবা অর্নব, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট-কে শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদানের ক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়।<br>এ কার্যালয়ের গ্রেড ১১ থেকে ২০ ভুক্ত কর্মচারীর মধ্য হতে জনাব প্রসেনজিৎ চৌধুরী, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেটকে শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদানের ক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়।<br>সিলেট জেলার উপজেলা পর্যায়ে অফিস প্রধানগণের মধ্য হতে জনাব সুমন আচার্য, উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট-কে শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদানের ক্ষেত্রে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) |
| ০২ | আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর আলোকে ২০২১-২২ অর্থবছরের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া কমিশনার, সিলেট বিভাগ, সিলেট বরাবর প্রেরণ করা হয়। | আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এবং বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে প্রাপ্ত ফিডব্যাকের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া সংশোধনপূর্বক | সহকারী কমিশনার, সাধারণ শাখা |

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | প্রেরিত খসড়ার উপর অদ্য ০৩ জুন ২০২১ তারিখ বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে ফিডব্যাক প্রদান করা হয়। উক্ত সংশোধনী সভায় উপস্থাপন করা হয়। | অনুমোদনক্রমে কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৩ | নিজ নিজ কার্যালয়ে শুদ্ধাচার ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর নির্দেশনা মোতাবেক স্ব স্ব দপ্তরে কার্যক্রম গ্রহণ করে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। সহকারী কমিশনার (ভূমি), সকল<br>৩। সহকারী কমিশনার (সকল) |
| ০৪ | 'শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭' এর আলোকে স্ব স্ব অধিক্ষেত্রে কর্মচারী নির্বাচনপূর্বক প্রস্তাব বিগত ১৫ মে ২০২১ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে গত সভায় সিদ্ধান্ত হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব অধিক্ষেত্রে কর্মচারী নির্বাচনপূর্বক কোন প্রস্তাব পাওয়া যায়নি। | 'শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭' এর আলোকে স্ব স্ব অধিক্ষেত্রে কর্মচারী নির্বাচনপূর্বক প্রস্তাবনা নির্ধারিত সময়ের মধ্যে না পাওয়ায় অফিসসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় এতদ্সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

সভার শেষে কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা নিশ্চিতকল্পে ও সুশাসন প্রতিষ্ঠায় উপস্থিত সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩/০৬/২১

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট
☎০৮২১-৭১৬১০০
ই-মেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.১৬.০১৬.১৮.১১৩

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮ / ০৩ জুন ২০২১

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

বিতরণ:

১। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট

৩। উপজেলা নির্বাহী অফিসার..................................................(সকল), সিলেট

৪। সহকারী কমিশনার (ভূমি)........................................ (সকল), সিলেট

৫। সহকারী কমিশনার............................................................. (সকল)

৬। জনাব.................................................................সদস্য

০৩/০৬/২১

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট